দৈনিক সংবাদ

MAR. 3 1999

তারিখ ... MAR. 3 ... 1999 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

# প্রধানমন্ত্রী ১৫ দিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন ২ বার

॥ কৈলাস সরকার ॥

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ১৫ দিনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন দুবার। এ নিয়ে গোটা ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। প্রশাসন ব্যস্ত নানা আচার-আয়োজনে।

প্রধানমন্ত্রী আগামী ৭ই মার্চ আসবেন ভাস্কর শামীম শিকদারের তৈরি একটি ভাস্কর্য উদ্বোধন করতে এবং আগামী ১৬ই মার্চ যাবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'বঙ্গবন্ধু চেয়ার' প্রতিষ্ঠা উপলক্ষে।

যে ভাস্কর্য উদ্বোধন করতে প্রধানমন্ত্রী যাচ্ছেন সে ভাস্কর্যটি এর আগেও একবার উদ্বোধন হয়ে গেছে। গত '৯০ সালের ১৯শে ফেব্রুয়ারি এ ভাস্কর্যটির উদ্বোধন

প্রধানমন্ত্রী ঃ পৃঃ ১১ কঃ ৬

## প্রধানমন্ত্রী ঃ যাচ্ছেন

( ১ম পৃষ্ঠার পর )

করেন তৎকালীন উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান। তখন 'একুশে ভাস্কর্য' নাম নিয়ে এ ভাস্কর্যটি ছিল উদয়ন স্কুলের উত্তর পাশে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৭ই মার্চ যে ভাস্কর্যটির উদ্বোধন করবেন তার বর্তমান নাম দেয়া হয়েছে 'স্বাধীনতার সংগ্রাম'। এ ভাস্কর্যটি আগের স্থান থেকে জগন্নাথ হল, এসএম হল, উদয়ন স্কুল ও বুয়েটের মধ্যবর্তী স্থানে স্থানান্তর করা হয়েছে।

অবশ্য ভাস্কর্যের সঙ্গে কিছু সংযোজন করা হয়েছে। আগের ভাস্কর্যের মাথায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেখ রাসেলের দুটি আবক্ষমূর্তি নতুনভাবে তৈরি করা হয়েছে। এজন্য নামেরও পরিবর্তন করা হয়েছে।

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গতকাল মঙ্গলবার ভাস্কর্য পরিদর্শন করেন। এ সময় উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরীও ছিলেন।

প্রধানমন্ত্রী আগামী ১৬ই মার্চ ক্যাম্পাসে যাচ্ছেন 'বঙ্গবন্ধু চেয়ার' উদ্বোধন করতে। কাজী জেবুন্নেসা ও কাজী মাহবুবউল্লাহ ইতিহাস বিভাগকে চেয়ার প্রতিষ্ঠা উপলক্ষে ২০ লাখ টাকা দান করেছেন।

উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী জানান, সাময়িকভাবে এ চেয়ার ইতিহাস বিভাগের তত্ত্বাবধানে থাকলেও পরে বাংলাদেশ স্টাডিজ বিভাগের তত্ত্বাবধানে দেয়া হবে।